

সূত্র

প্রিন্ট: ০৫ নভেম্বর ২০২৪, ১০:১২ এএম

শিক্ষাঙ্গন

সাত কলেজের অধিভুক্তি বাতিল দাবিতে ঢাবিতে বিক্ষোভ মিছিল



ঢাবি প্রতিনিধি

প্রকাশ: ০৫ নভেম্বর ২০২৪, ১২:৩৭ এএম



সাত কলেজকে বিষফোঁড়া উল্লেখ করে তাদের অধিভুক্তি বাতিলের দাবিতে বিক্ষোভ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী। দ্রুত সাত কলেজের ঢাবি অধিভুক্তি বাতিল না করলে কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন তারা।

সোমবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সামনে থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে ক্যাম্পাস ঘুরে রাজু ভাস্কর্যের সামনে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশ করেন শিক্ষার্থীরা। সমাবেশে এক সপ্তাহের মধ্যে অধিভুক্তি বাতিলের দাবি জানানো হয়।

বিক্ষোভকারী বলেন, সাত কলেজ বিষফোঁড়ায় পরিণত হয়েছে। এর অধিভুক্তি বাতিল ছাড়া অন্য কোনো সমাধান নেই। সাত কলেজও অধিভুক্তি বাতিল চায়। তাহলে বাতিল করতে বাঁধা কোথায় আমরা বুঝি না। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সক্ষমতার আলোকে তাদের চার লাখ শিক্ষার্থীকে সেবা দেওয়া সম্ভব না। আমরা অবিলম্বে তাদের অধিভুক্তি বাতিল চাই।

তারা আরও বলেন, র্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দিন দিন অবনতির কারণ এই সাত কলেজ। আন্তর্জাতিক র্যাংকিংয়ে এই কলেজগুলোকে বিবেচনায় নেওয়া হয়। তাদের অধিভুক্তি বাতিল করলে ঢাকা বিশ্ববিদ্যালয় আরও অনেক এগিয়ে যাবে। আমরা শিগগিরই এই অধিভুক্তি বাতিল চাই। অন্যথায় কঠোর কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবো।